গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা উপ-কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ কামাল হোসেন<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভার তারিখ | : ১৯ অক্টোবর ২০২১ খ্রি: |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং ১০০৫), পরিবহন পুল ভবন |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি বলেন, সামাজিক নিরাপত্তা বাংলাদেশ সরকারের অন্যতম অগ্রাধিকারপ্রাপ্ত বিশেষ কর্মসূচিসমূহের একটি। দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন করেছে এবং এ কৌশল বাস্তবায়নের জন্য সরকার পাঁচ বছর মেয়াদী একটি কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছিল যার মেয়াদ ৩০ জুন ২০২১ খ্রি: এ শেষ হয়েছে। ফলশ্রুতিতে দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থাকে জীবনচক্র কাঠামো অনুযায়ী পুনর্বিন্যাসের লক্ষ্যে আগামী পাঁচ বছরের জন্য তথা ২০২৬ সাল পর্যন্ত একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা অপরিহার্য। সামাজিক নিরাপত্তা কৌশলপত্রের সুপারিশসমূহ বাস্তবায়নে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে বর্তমান কর্ম-পরিকল্পনা উপ-কমিটি নিরলস কাজ করে যাচ্ছে।

২। তিনি আরও উল্লেখ করেন, ২০২১ থেকে ২০২৬ সাল অর্থাৎ আগামী পাঁচ বছরের জন্য পরবর্তী কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা এ কমিটির একটি অপরিহার্য দায়িত্ব ছিল। যদিও কাজটি খুবই জটিল এবং কষ্টসাধ্য কাজ ছিল তবে সকলের ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে যথাসময়ে একটি ফলপ্রসূ এবং কার্যকর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব হয়েছে।

৩। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য কমিটির সদস্য-সচিব (অতিরিক্ত সচিব-সমন্বয়) জনাব মো: রাহাত আনোয়ার-কে অনুরোধ করেন। মো: রাহাত আনোয়ার বলেন, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন-এর জন্য ২০১৬ সালে কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির অধীনে একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। উপ-কমিটির দায়িত্ব কর্মপরিকল্পনা প্রণয়ন ছাড়াও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা। সামাজিক নিরাপত্তা কৌশলের কর্ম-পরিকল্পনার প্রথম পর্বের কর্মপরিকল্পনা এ বছর জুন মাসে শেষ হয়েছে। সকল মন্ত্রণালয় এবং এ সংক্রান্ত সকল অংশীজনের ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে যথাসময়ে একটি ফলপ্রসূ এবং কার্যকর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব হয়েছে। তিনি বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব জনাব মোহাম্মদ খালেদ হাসান-কে অনুরোধ করেন।

৪। জনাব খালেদ হাসান পাওয়ার পয়েন্ট স্লাইডের মাধ্যমে তার উপস্থাপনায় উল্লেখ করেন, দেশের সামাজিক নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়ন করেছে এবং এ কৌশল বাস্তবায়নের জন্য সরকার পাঁচ বছর মেয়াদী একটি কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছিল যার মেয়াদ এ বছর শেষ হয়েছে। গত ৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, কর্মপরিকল্পনা উপ-কমিটি আগামী ৩০ মে ২০২১ খ্রি: এর মধ্যে সামাজিক নিরাপত্তা কৌশল এর দ্বিতীয় পর্বের কর্মপরিকল্পনা প্রণয়ন কাজ সমাপ্ত করবে। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে কর্ম-পরিকল্পনা

প্রণয়নের লক্ষ্যে মন্ত্রণালয়সমূহের অংশগ্রহণে একাধিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে যার মাধ্যমে কর্মপরিকল্পনার একটি সম্ভাব্য খসড়া রূপরেখা প্রণয়ন করা হয়েছে যা গত ২৭ জুন ২০২১খ্রি: এ কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করা হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সুপারিশ, পরামর্শ অনুযায়ী সংশোধন, পরিমার্জন বা পরিবর্ধন করা হয়েছে।

৫। জনাব মোহাম্মদ খালেদ হাসান বলেন, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর অভিলক্ষের মূল বিষয় বিদ্যমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থার আধুনিকায়ন, বিতরণ ব্যবস্থা উন্নয়ন এবং সর্বোপরি জীবনচক্রভিত্তিক সামাজিক নিরাপত্তা ব্যবস্থা বিনির্মাণের ক্ষেত্রে যে সব ঘাটতি রয়েছে তা পূরণের জন্য কর্মসূচি গ্রহণ। এ জন্য বিদ্যমান সামাজিক নিরাপত্তা ব্যবস্থা ঢেলে সাজানোর মাধ্যমে যুগান্তকারী পরিবর্তন ঘটানোর প্রয়োজন নেই। বরং নির্ধারিত কিছু ক্ষেত্রে সংস্কার সাধনই কর্ম-পরিকল্পনার মূল উদ্দেশ্য হবে।

৬। জনাব খালেদ হাসান উল্লেখ করেন যে, বিগত কর্ম-পরিকল্পনায় যে সব বিষয় অন্তর্ভুক্ত ছিল তার মধ্যে অন্যতম জীবনচক্রভিত্তিক কতিপয় বৃহৎ কর্মসূচি গ্রহণ, ক্ষুদ্র ক্ষুদ্র কর্মসূচিসমূহ সমন্বয়, দরিদ্র এবং দারিদ্র্য-নিকটবর্তী মানুষের জন্য সামাজিক নিরাপত্তা সম্প্রসারণ এবং সর্বোপরি এ ক্ষেত্রে সুশাসন ব্যবস্থার উন্নয়ন। তিনি উল্লেখ করেন, দ্বিতীয় পর্বের কর্ম-পরিকল্পনায় উপরোক্ত বিষয়ের পাশাপাশি আরও কয়েকটি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যেমন-নগর কেন্দ্রিক সামাজিক নিরাপত্তা, প্রচার কৌশল, প্রতিবন্ধী অন্তর্ভুক্তি, কোভিড-১৯ মুখী কর্মসূচি ইত্যাদি।

৭। সভায় প্রস্তাবিত কর্মপরিকল্পনা প্রণয়ন-এর প্রক্রিয়া এবং সংক্ষিপ্ত সময়রেখা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভায় মতামত পেশ করা হয় যে, নির্ধারিত সময়সীমা অনুযায়ী কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কর্ম-পরিকল্পনাটি সংশোধনপূর্বক এ বছর ডিসেম্বর মাসের মধ্যে মুদ্রণকার্য সমাপ্ত করে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে।

**সিদ্ধান্ত:**

৮। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

(ক) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর খসড়া কর্মপরিকল্পনাটি আগামী ২৪ অক্টোবর ২০২১খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য ফোকাল পয়েন্ট এর সভায় উপস্থাপন করতে হবে;

(খ) ফোকাল পয়েন্ট সভায় প্রাপ্ত মতামত, পরামর্শ অনুযায়ী সংশোধন, পরিমার্জন বা পরিবর্ধনপূর্বক খসড়া কর্মপরিকল্পনাটি চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি'র নিকট উপস্থাপন করতে হবে;

(গ) চূড়ান্তভাবে গৃহীত খসড়া কর্মপরিকল্পনাটি মুদ্রণের পুর্বে প্রুফ সংশোধনপূর্বক ভাষাগত শুদ্ধতা নিশ্চিত করতে হবে;

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৮/১১/২০২১

(মোঃ কামাল হোসেন)
সচিব
সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
এবং
আহবায়ক
জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর
কর্মপরিকল্পনা উপকমিটি